



সোনালী ব্যাংক পিএলসি
বিশ্বস্ত ও স্মার্ট

নং-এইচআরএমডি/ওএমডি/সেকশন-২/ব্যঃনথি (অ-২৪৮২৫)/২৬৯৯

তারিখঃ ২৩-০৪-২০২৪

ডেপুটি জেনারেল ম্যানেজার
আইটি ডিভিশন (বিজনেস আইটি)
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ Kristiania University College, Norway এর অধীনে PhD in Applied Information Technology প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত নরওয়েতে গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর (১৮৫ দিন পূর্ণ বেতনে ও ১৮০ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুরঃ জনাব বীথি বণিক (জি-৪৭০০১), প্রোগ্রামার, আইটি ডিভিশন (বিজনেস আইটি), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ০৭-০৩-২০২৪ তারিখের ৩৩৩ সংখ্যক পত্রের সুপারিশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষ তাকে Kristiania University College, Norway এর অধীনে PhD in Applied Information Technology প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে নরওয়েতে গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর (১৮৫ দিন পূর্ণ বেতনে ও ১৮০ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর করেছেনঃ

- ১) অধ্যয়ন ছুটি শেষে দেশে প্রত্যাবর্তনের পর নিরবচ্ছিন্নভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য তিনি এই ব্যাংকে চাকুরী করবেন মর্মে ৩০০/= টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প একটি অঙ্গীকারনামা দাখিল করবেন।
- ২) তার মনোনীত Guarantor-এর নিকট হতে এই মর্মে Guarantee Bond নিতে হবে যে, তিনি অনুমোদিত সময়কাল অতিবাহিত হওয়ার পূর্বে চাকরি হতে ইন্তফা প্রদান করলে অথবা নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন না করলে বা অননুমোদিত অনুপস্থিত থাকলে অধ্যয়ন ছুটিকালীন সময়ের যাবতীয় বেতন-ভাতা এবং তদকর্তৃক গৃহীত ঋণ ও অগ্রীমসহ ব্যাংকের আনুষঙ্গিক পাওনা ফেরত দিতে বাধ্য থাকবেন।
- ৩) অনুমোদিত প্রোগ্রাম ও বিশ্ববিদ্যালয় কোন ভাবেই পরিবর্তন করা যাবে না।
- ৪) নরওয়ে গমনের পর অনতিবিলম্বে নরওয়েতে অবস্থানকালীন তার সাথে যোগাযোগের পূর্ণ ঠিকানা ই-মেইলের মাধ্যমে (dgmhrmd@sonalibank.com.bd এবং sblpmd2@sonalibank.com.bd) এ ডিভিশনকে অবহিত করতে হবে।
- ৫) নরওয়ে গমনের ০৭ (সাত) দিনের মধ্যে নরওয়ের বাংলাদেশ দূতবাসে রিপোর্ট করবেন।
- ৬) তিনি মঞ্জুরকৃত ছুটি শেষে দেশে প্রত্যাবর্তন তারিখের পরবর্তী কর্মদিবসে তার কর্মস্থলে যোগদান করবেন।
- ৭) তিনি কর্মস্থলে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে তার অর্জিত ডিগ্রির সনদ/ প্রমাণক এ ডিভিশনে প্রেরণ করবেন।
- ৮) সোনালী ব্যাংক পিএলসি কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০২২ এর উপ-প্রবিধান ১৯(৩)(ঘ) অনুযায়ী বিনা বেতনে মঞ্জুরকৃত অসাধারণ ছুটিকাল বেতন বৃদ্ধি, গ্র্যাচুইটি, ছুটি প্রাপ্যতা এবং পদোন্নতির উদ্দেশ্যে গণনা করা হইবে না।
- ৯) প্রস্তাবিত অধ্যয়ন/ ভ্রমণে যাতায়াত ভাড়াসহ যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে নির্বাহ করবেন, এতে ব্যাংক কিংবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- ১০) অধ্যয়নকালীন সময়ে তার প্রাপ্য বেতন/ ভাতাদি ব্যাংক কর্তৃক বিধি মোতাবেক বাংলাদেশী মুদ্রায় প্রদত্ত হবে।
- ১১) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ১২) উল্লিখিত ভ্রমণের মঞ্জুরি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে।
- ১৩) উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে তাকে ছুটি ভোগের তারিখ হতে ০১ (এক) বৎসর অনুমতিসহ (১৮৫ দিন পূর্ণ বেতনে ও ১৮০ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) প্রদান করা হলো। তিনি শিক্ষা ছুটি ০২ (দুই) বছরের জন্য আবেদন করেছেন বিধায় প্রথম বছর অধ্যয়নের ফলাফল ও তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তী ০১ (এক) বছরের ছুটি মঞ্জুরির বিষয়টি বিবেচনাযোগ্য হবে।

এমতাবস্থায়, তদনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানানোর জন্য আপনাদের অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(মোস্তাক আহমদ)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। ডেপুটি জেনারেল ম্যানেজার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। জনাব বীথি বণিক (জি-৪৭০০১), প্রোগ্রামার, আইটি ডিভিশন (বিজনেস আইটি), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ইমিগ্রেশন অফিসার, হজরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৪। ওয়েবসাইট কপি।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

মোস্তাক আহমদ
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
ইউএন রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয় ঢাকা।

www: sonalibank.com.bd

ইউএন রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, অফিসার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সেকশন-২), প্রধান কার্যালয়: ৩৫-
৪২, ৪৪ মতিবিল বা/এ, ঢাকা-১০০০। ফোনঃ ০২-২২৩৩৮৪৫১৫, ০২-২২৩৩৮৫২৯
ই-মেইলঃ dgmhrmd@sonalibank.com.bd, sblpmd2@sonalibank.com.bd

হটলাইনঃ ১৬৬৩৯

বিদেশ থেকেঃ +৮৮০৯৬১০১৬৬৩৯